

## ইভেন্ট রিপোর্ট

তারিখ: ০৮/১১/২০২৪

### বিতর্ক ক্লাব:

শিক্ষার্থীদের তথ্য, জ্ঞান, বাচনভঙ্গি ও নেতৃত্ব বিকাশের পাশাপাশি আনন্দ ঘন পরিবেশ তৈরী করা এবং শিশুদের পড়াশুনার প্রতি উৎসাহ বাড়ানোর জন্য নীলফামারী জেলায় ৫টি স্কুলে বিতর্ক ক্লাব গঠন করা হয়। ষষ্ঠ থেকে নবম শ্রেণির মোট ৩২ জন শিক্ষার্থীদের নিয়ে প্রতি স্কুলে ১ দিনের ওরিয়েন্টেশন সম্পন্ন হয়। শিক্ষক তাদেরকে নির্দিষ্ট বিষয়ের উপর নির্দেশনা দেন এবং শ্রেণিভিত্তিক, স্কুলভিত্তিক ও আন্তঃস্কুলভিত্তিক বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। ফলশ্রুতিতে প্রত্যন্ত স্কুলগুলোতেও বিতর্কিকের সংখ্যা এবং চাহিদা ক্রমান্বয়ে বাড়ছে।



দুবাচুরী বালিকা উচ্চ বিদ্যালয় (০১/০৬/২০২৪)



সানচৌধুরাই স্কুল এ্যড কলেজ, সৈয়দপুর



টেপুরভাঙ্গা উচ্চ বিদ্যালয় (২৬/১১/২০২৪)

কুকড়াভাঙ্গা উচ্চ বিদ্যালয় (০২/১১/২০২৩)

### ইংলিশ ক্লাব:

ইংরেজি ভাষায় যোগাযোগ দক্ষতা বৃদ্ধির জন্য ষষ্ঠ থেকে নবম শ্রেণির মোট ৩০-৪০ জন শিক্ষার্থীদের নিয়ে ৫টি স্কুলে বিরতির সময়/ক্লাশের আগে সপ্তাহে ২ দিন লার্নিং ইংলিশ বইটির সহায়তা নিয়ে শিক্ষক ইংরেজিতে কথোপকথন, শব্দভাস্তব বৃদ্ধি, একই প্যাটার্নে বাক্য তৈরীর বিষয়ে ক্লাশ পরিচালনা করেন। ফলে অনেক শিক্ষার্থীর ইংরেজি শেখার প্রতি আগ্রহ ও উৎসাহ যেমন বাড়ছে তেমনি ইংরেজি বিষয়ের প্রতি দিন দিন অনেকটাই ভীতি দূর হচ্ছে।



দুবাহুরী বালিকা উচ্চ বিদ্যালয় (ইংলিশ ক্লাব ওরিয়েন্টশন ও বই বিতরণ)

কুকড়াঙ্গা উচ্চ বিদ্যালয়



টেপুরডঙ্গা উচ্চ বিদ্যালয় (২৩/১০/২০২৪) শদভান্ডার খেলা পলাশবাড়ি পরশমণি উচ্চ বিদ্যালয় (০৬/০৬/২০২৪) বিদ্যালয় ভিত্তিক শিক্ষা উন্নয়ন কমিটি:

টেপুরডঙ্গা উচ্চ বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি ও শিক্ষকের সহায়তায় স্কুল ক্যাচমেন্ট এলাকার সকল পাড়া থেকে বিভিন্ন ক্ষেত্রগুলীর (প্রধান শিক্ষক, অবসরপ্রাপ্ত শিক্ষক, নির্বাচিত ব্যক্তি, খেলোয়ার, সঙ্গীত শিল্পী, স্বাস্থ্য কর্মী, বিশ্ববিদ্যালয় পড়ুয়া, শিক্ষা অনুরাগী) ১৭ সদস্য নিয়ে একটি স্কুলে শিক্ষা উন্নয়ন কমিটি গঠিত হয়। ফলে শিক্ষা অঙ্গনে সমাজের সম্পৃক্ততা বাড়বে এবং শিখন-শিক্ষন পরিবেশ, ব্যবস্থাপনা ও সহপাঠ্যক্রমিক কার্যাবলীর মধ্য দিয়ে মানসম্মত শিক্ষা নিশ্চিত হবে।




পাড়া ভিত্তিক শিক্ষা উন্নয়ন কমিটি গঠনের প্রস্তুতি সভা (১৩/০৬/২০২৪, টেপুরডঙ্গা উচ্চ বিদ্যালয়, নীলফামারী)



বার্ষিক পরিকল্পনা পর্যবেক্ষণ ও পাড়াভিত্তিক কর্মসূচি নির্ধারণ (২৯/১১/২০২৪, টেপুরডাঙ্গা উচ্চ বিদ্যালয়)

#### দেয়াল পত্রিকা কার্যক্রম:



দুবাচুরী বালিকা উচ্চ বিদ্যালয় (০৮/০৯/২০২৪) সানফ্লাওয়ার স্কুল এ্যড কলেজ, সৈয়দপুর (১৫/০৭/২০২৪)

প্রতি স্কুলের ৬ষ্ঠ-৯ম শ্রেণির সকল শিক্ষার্থীর অংশগ্রহণে বার্ষিক কর্মপরিকল্পনার ভিত্তিতে প্রতি ৩ মাসে ১টি করে দেয়াল পত্রিকা প্রকাশিত হয়। যেখানে শিক্ষার্থীদের স্বরচিত ছড়া, গান, কৌতুক, ধাঁধাঁ, চিত্রাঙ্কন, এলাকার খবর প্রকাশ পায় এবং শিশুদের সুপ্ত প্রতিভা প্রতিফলিত হয়। শরীর চর্চা শিক্ষকের সহায়তায় দেয়ালিকার প্রতি আগ্রহ ও উৎসাহ বাড়ানোর জন্য স্কুল পর্যায়ে এবং আন্তঃস্কুল পর্যায়ে প্রতিযোগিতা ও পুরস্কার দেয়া হয়।

#### সবজি চাষ প্রদর্শনী:

স্কুল পর্যায়ে কৃষি শিক্ষক কর্তৃক সবজি চাষ প্রদর্শনীর মাধ্যমে বসতবাড়িতে সবজি চাষের জন্য উদ্বৃদ্ধ করা হয় এবং এর প্রয়োজনীয়তা তুলে ধরা হয়। ফলে শিক্ষার্থীদের বাস্তবভিত্তিক জ্ঞান অর্জনের পাশাপাশি একদিকে পুষ্টিকর খাবারের চাহিদা মিটছে অপরদিকে অর্থনৈতিক স্বনির্ভরতার উপায় খুঁজে পাচ্ছে।



সবজি পরিচর্যা ও সবজি চাষের প্রয়োজনীয়তা আলোচনা (০৫/১১/২০২৪, টেপুরডাঙ্গা উচ্চ বিদ্যালয়)